# মাছেদের অভিযান




লেখক: আহমেদ মুশফিকা নাজনীন
আঁকিয়ে: আরিফুল ইসলাম

এক টেংরা, আর এক পুঁটি মাছ।
নদীর ধারে খেলছিল।

উপরের দিকে উঠতেই মাথায় ব্যথা পেল টেংরা।








BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 3 6/18/23 22:22

উহ! কী এটা, এত শক্ত? নদীতে এলো কী করে?

একটা লোক ডাব খেয়ে পানিতে ফেলেছে। রাগ হয় ওর।
সব ময়লা নদীতে ফেলে কেন?





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 4 6/18/23 22:22

নদী কত সুন্দর! নদী কী ময়লা ফেলার জায়গা?
ভাবতে ভাবতে সাঁতার কাটে টেংরা।






BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 5 6/18/23 22:22

তাকিয়ে দেখে, এখানে ওখানে অনেক ময়লা।
কালো হয়ে গেছে নদীর পানি।





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 6 6/18/23 22:22






BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 7
6/18/23 22:22






BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 8 6/18/23 22:22

টেংরা ওর বন্ধুদের কাছে যায়। রুই, কাতলা, চিংড়ি, কৈ– সবাই ভাবতে বসে।

ঠিক হয়, মানুষদের বলবে ওরা।





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 9 6/18/23 22:22

পরদিন সবাই নদীর ধারে যায়। দেখে, একটা ছেলে নদীতে কী যেন ফেলছে।

রুই বলে– এই ভাইয়া, ওটা নদীতে ফেলছ কেন? পানি নোংরা হচ্ছে না?





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 10 6/18/23 22:22






BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 11 6/18/23 22:22





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 12 6/18/23 22:22

শুনে ছেলেটা লজ্জা পায়। বলে,
আহা– এভাবে তো ভাবিনি।






BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 13 6/18/23 22:22



এবার ছেলেটা ওর বন্ধুদের বলে, শোনো-
এখন থেকে আর কেউ নদীতে ময়লা ফেলবে না।

শুনে মাছেরা খুশিতে লাফিয়ে ওঠে।





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 15 6/18/23 22:22

পরদিন স্কুলে যাওয়ার সময় ওরা দেখে নদীর পানি একদম পরিষ্কার। পুঁটি আর রুই ডিগবাজি দেয়।

টেংরা মাছ পরিষ্কার পানিতে মনের আনন্দে সাঁতার কাটে।





BD-LLP-12-0021_Text_TheMissionOfThe.indd 16 6/18/23 22:22